Online Edition

23 – 29 December, 2021

# শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.) ❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖ Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ৪৯ সাপ্তাহিক ২৩ - ২৯ ডিসেম্বর, ২০২১ পৃষ্ঠা - ১৮

101 YEARS GEORGE TELEGRAPH
GSCE
পড়লেই সরকারি চাকরি
Offline & Online facilities available
Helpline : 9830277100 / 200 / 300
George Telegraph • Since 1920

# রাজ্য বিদ্যুৎ পর্ষদে ৪১৪ ইঞ্জিনিয়ার

**আবেদনের শেষ তারিখ ৫ জানুয়ারি ২০২২**

ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (WBSEDCL) ৪১৪টি শূন্যপদে জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) গ্রেড-২ এবং জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স) শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর REC/2021/04। প্রার্থীদের আবেদন করতে হবে ৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▸ **শূন্যপদ :** *মোট শূন্যপদ ৪১৪টি। জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) গ্রেড-২* শাখায় শূন্যপদ ৪০০টি। এর মধ্যে অসংরক্ষিত ১১৯, অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি ৬২, অসংরক্ষিত প্রাক্তন সমরকর্মী ১৬, অসংরক্ষিত দক্ষতসম্পন্ন খেলোয়াড় ৮, অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী (লোয়ার ভিশন) ৪, অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী (হার্ড অফ হেয়ারিং) ৪, অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী (ইন্টেলেকচুয়াল ডিসএবিলিটি) ৪, ওবিসি-এ ২৭, ওবিসি-এ এক্সেমটেড ক্যাটেগরি ১২, ওবিসি-বি ২০, ওবিসি-বি এক্সেমটেড ক্যাটেগরি ৯, এসসি ৫০, এসসি এক্সেমটেড ক্যাটেগরি ২৮, এসসি প্রাক্তন সমরকর্মী ৮, এসসি শারীরিক প্রতিবন্ধী (লোকোমোটর ডিসএবিলিটি) ৪, এসটি ১৭ এবং এসটি এক্সেমটেড ক্যাটেগরি ৮। *জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স)* শাখায় শূন্যপদ ১৪টি। এর মধ্যে অসংরক্ষিত ১, অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী (লোয়ার ভিশন) ১, ওবিসি-এ ২, ওবিসি-এ এক্সেমটেড ক্যাটেগরি ১, ওবিসি-বি এক্সেমটেড ক্যাটেগরি ১, এসসি ৪, এসসি এক্সেমটেড ক্যাটেগরি ২ এবং এসটি ২।

এরপর ২ পাতায়

# এগ্রিকালচারাল রিসার্চে ৬৪১ টেকনিশিয়ান

**মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু**

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট ৬৪১টি শূন্যপদে মাধ্যমিক পাশ যোগ্যতায় টেকনিশিয়ান শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। সংস্থাটি 'ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ' (ICAR) দ্বারা নিয়ন্ত্রিত। লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। আবেদনের শেষ তারিখ ১০ জানুয়ারি, ২০২২ রাত্রি ১১টা ৫৫ পর্যন্ত।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৬৪১টি (অসংরক্ষিত ২৮৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬১, এসসি ৯৩, এসটি ৬৮, ওবিসি ১৩৩, প্রাক্তন সমরকর্মী ৮ এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৬টি শূন্যপদ সংরক্ষিত)।

▸ **বয়সসীমা :** ১০ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি

এরপর ৫ পাতায়

# নদীয়া জেলায় ৬৭ স্বাস্থ্যকর্মী

নদীয়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির অধীন চিফ মেডিক্যাল অফিসার অফ হেলথের তরফে একটি চুক্তিভিত্তিক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে যেখানে জানানো যাচ্ছে, ৬৭টি শূন্যপদে স্বাস্থ্যকর্মী নিয়োগ করা হবে। যে যে পদে নিয়োগ করা হবে সেগুলি হল টেকনিক্যাল

এরপর ২ পাতায়

# সিআইএসএফে ২৪৯ কনস্টেবল

**স্পোর্টস কোটায় নিয়োগ**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ) স্পোর্টস কোটার মাধ্যমে দক্ষতাসম্পন্ন খেলোয়াড় হিসাবে ২৪৯ জন পুরুষ ও মহিলাকে জেনারেল ডিউটি শাখায় হেড কনস্টেবল পদে নিয়োগ করতে চলেছে। আবেদনগ্রহণ চলবে ২০২২ সালের ৩১ মার্চ বিকেল পাঁচটা পর্যন্ত। উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির জন্য আবেদনের শেষ তারিখ ৭ এপ্রিল

এরপর ৩ পাতায়

# ন্যাশনাল ডিফেন্স ও ন্যাভাল অ্যাকাডেমিতে ৪০০

**উচ্চমাধ্যমিক যোগ্যতায়**

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন ২০২২ সালের 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (I)' এর বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই পরীক্ষাটির মাধ্যমে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমিতে ৪০০টি শূন্যপদে অবিবাহিত পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর :

এরপর ৪ পাতায়

অনিবার্য কারণবশত গত ১৬-২২ ডিসেম্বর সংখ্যা আমরা প্রকাশ করতে পারিনি। পত্রিকার তরফ থেকে এজন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত।

# কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসে ৩৩৯

**স্নাতক যোগ্যতায়**

'ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন' (ইউপিএসসি) কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস এক্সামিনেশন (১), ২০২২ পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর : 4/2022 CDS-I। প্রার্থীদের আবেদন করতে হবে ১১ জানুয়ারি, ২০২২ সন্ধ্যা ৬টার

এরপর ২ পাতায়

# ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে ৩২২

**যোগ্যতা মাধ্যমিক, উচ্চমাধ্যমিক**

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ইন্ডিয়ান কোস্ট গার্ড (ভারতীয় উপকূল রক্ষী বাহিনী) জেনারেল ডিউটি এবং ডোমেস্টিক ব্রাঞ্চ শাখায় নাবিক এবং যান্ত্রিক পদে ৩২২ জন অবিবাহিত পুরুষ প্রার্থীকে নিয়োগ করতে চলেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০২/২০২২। আবেদনগ্রহণ চলবে ৪ জানুয়ারি থেকে ১৪ জানুয়ারি, ২০২২ তারিখ পর্যন্ত।

▸ **শূন্যপদ :** ১) *নাবিক (জেনারেল*

এরপর ৩ পাতায়

# পশ্চিম উপকূলরক্ষীতে ৯৬

**মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু**

দেশের পশ্চিমাঞ্চলের উপকূলরক্ষী বাহিনীতে (মুম্বাই হেড কোয়ার্টারের অধীনে) ৯৬টি শূন্যপদে সরাসরি নিয়োগভিত্তিক ব্যবস্থায় ইঞ্জিন ড্রাইভার, সরঙ্গ লস্কর, ফায়ার ইঞ্জিন ড্রাইভার, ফায়ারম্যান, সিভিল মোটর ট্রান্সপোর্ট ড্রাইভার, মোটর ট্রান্সপোর্ট ফিটার, স্টোরকিপার, স্প্রে পেইন্টার, মোটর ট্রান্সপোর্ট মেকানিক, মাল্টি টাস্কিং স্টাফ এবং আনস্কিলড লেবার শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা থাকলে যেকোনো রাজ্যের প্রার্থীরা

এরপর ২ পাতায়

WBCS
Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview
Regular Combined
Bank, Rail, Staff Selection, PSC
Smart Combined for an individual Exam
Interview & Personality Grooming
এককালীন কোর্স ফি প্রদানে WBCS কোর্সে ₹ 5000 ও RCCতে ₹ 3000 ছাড়।
ডিসেম্বরের ৩০ তারিখ থেকে WBCS ও RCC-র নতুন ব্যাচে ক্লাস শুরু হচ্ছে। ভর্তির শেষ তারিখ ২৯ ডিসেম্বর। জিএসসিই-তে পুরোদমে অফলাইন ও অনলাইন ক্লাস চলছে। সরকারি চাকরির নিয়োগপত্র পেতে এখুনি যোগাযোগ করুন জিএসসিই-র নিকটবর্তী কেন্দ্রে।
গ্র্যাজুয়েট, কলেজ ও উচ্চমাধ্যমিক পড়ুয়াদের জন্য অফলাইন ও অনলাইনে চাকরির প্রস্তুতির সুযোগ
Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org
101 YEARS GEORGE TELEGRAPH
GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

## সম্পাদকীয়

প্রচলিত বাংলা প্রবাদ বলে, 'মাঘের শীত বাঘের গায়ে'। কিন্তু ১৪২৮ সনের অগ্রহায়ণ মাস এবং পৌষ মাসের প্রথমে শীতের যা মারকাটারি টি-টোয়েন্টি ফরম্যাটের ঝোড়ো ব্যাটিং দেখছে বাংলা তাতে মাঘ মাস পর্যন্ত বাঘকে অপেক্ষা করতে হবে না। পশুপাখি থেকে মানুষ সবাই একেবারে হাড়কাঁপানো ঠাণ্ডায় জবুথবু। তবে বাংলা সনের কথাই শুধু বলবনা, ইংরাজি ২০২১ বর্ষ বিদায়ের অন্তিম লগ্নে অন্যতম উৎসব অপেক্ষারত যা ২৫ ডিসেম্বর যুগপুরুষ যীশুখ্রীস্টের জন্মদিন বা 'বড়দিনের উৎসব' হিসাবে পালিত হয়। এই দিনটি শুধুমাত্র খ্রীস্টান ধর্মাবলম্বীরা নয়, বর্ণ-ধর্ম নির্বিশেষে প্রায় সকলেই কেক কেটে এই দিনকে বাড়িতে উৎযাপন করে। বড়দিন উৎসবকে কেন্দ্র করে বিভিন্ন জায়গায় সাংস্কৃতিক অনষ্ঠান, মেলা, পিকনিক, গেট টুগেদার ইত্যাদিতেও আমরা মেতে উঠি। তবে সমস্ত যুগপুরুষ তথা অবতার পুরষরা বারেবারে পৃথিবতে অবতীর্ণ হয়ে একথাই আমাদের বলেছেন যে, মানুষে-মানুষে ভেদাভেদ ভুলে সকলকে নিয়ে বাঁচাই প্রকৃত ধর্ম। সেই ধর্ম পালনই সকল উৎসব বা পার্বণ আয়োজনের একমাত্র লক্ষ্য হওয়া উচিত। যেরকম রাজ্যের লক্ষ লক্ষ সরকারি চাকরিপ্রার্থীদের সরকারি চাকরির খবরাখবর দিতে আমাদের পত্রিকা 'শিক্ষা চাকরি ও খেলা' সর্বদাই পাশে আছে। শুধু বিজ্ঞপ্তি প্রকাশের খবরই নয়, নতুন পরীক্ষার তারিখ, রেজাল্টের আপডেট, সাপ্তাহিক কারেন্ট অ্যাফেয়ার্স, পাঠক-পাঠিকাদের বিভিন্ন প্রশ্নোত্তর ইত্যাদি সব কিছুই সুন্দর করে সাজিয়ে আমরা হাজির করি প্রতি সপ্তাহেই। এ সপ্তাহে রয়েছে একগুচ্ছ নতুন সরকারি চাকরির খবর। রাজ্য বিদ্যুৎ সংস্থায় ৪১৪টি শূন্যপদে নিয়োগ হতে চলেছে জুনিয়র এঞ্জিকিউটিভ ও জুনিয়র ইঞ্জিনিয়ার। ভারতীয় উপকূলরক্ষীবাহিনীতে ৩২২টি শূন্যপদে নাবিক ও যান্ত্রিক নিয়োগ করা হবে মাধ্যমিক থেকে ডিপ্লোমা যোগ্যতায়। ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন একই সঙ্গে দুটি আকর্ষণীয় সরকারি চাকরির খবর প্রকাশ করেছে। কম্বাইন্ড ডিফেন্সে ৩৪১টি এবং ন্যাশনাল ডিফেন্স ও ন্যাভাল অ্যাকাডেমিতে ৪০০টি শূন্যপদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ইউপিএসসি। যোগ্যতা উচ্চমাধ্যমিক থেকে স্নাতক। যেসব প্রার্থী প্রতিরক্ষা দপ্তরে কাজ করার স্বপ্ন দেখেন তাদের জন্য রইল সুবর্ণ সুযোগ। এছাড়া অন্যান্য বেশ কিছু উল্লেখযোগ্য সরকারি চাকরির খবর তো রইলই এই সংখ্যায়। স্টাফ সিলেকশন কমিশন সম্প্রতি একাধিক পরীক্ষার একগুচ্ছ নতুন তারিখ ঘোষণা করেছে। বিস্তারিত রইল এই সংখ্যায়। তাছাড়া পিএসসি অডিট অ্যান্ড অ্যাকাউন্টস পরীক্ষার ফলাফলও ঘোষণা করেছে। সব খবর রইল আমাদের পত্রিকার পাতায়। আপনাদের এরকম 'আপটুডেট' রাখাই আমাদের পত্রিকার একমাত্র লক্ষ্য। প্রত্যেক চাকরিপ্রার্থীর স্বপ্ন সফল হোক, হাসি ফুটুক তাদের পরিবারের মুখে, ঈশ্বরের কাছে আমরা সর্বদা এই কামনাই করি। ভালো থাকবেন সকলে।

## কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসে ৩৩৯

*১ পাতার পর*

মধ্যে। অনলাইন আবেদনপত্রটি ১৮-২৪ জানুয়ারি, ২০২২ সন্ধ্যা ৬টার মধ্যে ডাউনলোড করে নিজের কাছে রেখে দিতে হবে।

▶ **শূন্যপদ :** *১) ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, দেরাদুন (১৫৪তম)* শাখায় শূন্যপদ ১০০টি। এরমধ্যে ১৩টি শূন্যপদ এনসিসি 'সি' সার্টিফিকেট (আর্মি উইং) হোল্ডারদের জন্য সংরক্ষিত। এই কোর্সটি শুরু হচ্ছে জানুয়ারি, ২০২৩ সাল থেকে। *২) ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি, এজিমালা* শাখায় শূন্যপদ ২২টি। এরমধ্যে ৩টি শূন্যপদ এনসিসি 'সি' সার্টিফিকেট (ন্যাভাল উইং থ্রু এনসিসি স্পেশাল এন্ট্রি) হোল্ডারদের জন্য সংরক্ষিত। এই শাখায় এক্সিকিউটিভ ব্রাঞ্চে [(জেনারেল সার্ভিস)/হাইড্রো] কোর্সটি শুরু হচ্ছে জানুয়ারি, ২০২৩ সাল থেকে। *৩) এয়ারফোর্স অ্যাকাডেমি, হায়দ্রাবাদ (প্রি ফ্লায়িং)* শাখায় শূন্যপদ ৩২টি। এরমধ্যে ৩টি শূন্যপদ এনসিসি 'সি' সার্টিফিকেট (এয়ার উইং) হোল্ডারদের জন্য সংরক্ষিত। এই শাখায় কোর্সটি শুরু হচ্ছে জানুয়ারি, ২০২৩ সাল থেকে। *৪) অফিসার্স' ট্রেনিং অ্যাকাডেমি,* চেন্নাই-১১৭তম শর্ট সার্ভিস কমিশন (পুরুষ) (এনটি) (ইউপিএসসি) শাখায় শূন্যপদ ১৬৯টি। এই শাখায় কোর্সটি শুরু হচ্ছে এপ্রিল, ২০২৩ তারিখ থেকে। *৫) অফিসার্স' ট্রেনিং অ্যাকাডেমি,* চেন্নাই-৩১তম শর্ট সার্ভিস কমিশন (মহিলা) (এনটি) (ইউপিএসসি) শাখায় শূন্যপদ ১৭টি। এই শাখায় কোর্সটি শুরু হচ্ছে এপ্রিল, ২০২৩ তারিখ থেকে। অর্থাৎ মোট শূন্যপদ ৩৪১টি। শুধুমাত্র অবিবাহিত পুরুষ ও মহিলা প্রার্থীরা আবেদনযোগ্য।

▶ **বয়সসীমা :** ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি এবং ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে আবেদনের জন্য প্রার্থীদের জন্মতারিখ হতে হবে ২ জানুয়ারি, ১৯৯৮ থেকে ১ জানুয়ারি, ২০০৩ তারিখের মধ্যে। এয়ারফোর্স অ্যাকাডেমিতে আবেদনের জন্য প্রার্থীর জন্মতারিখ হতে হবে ২ জুলাই, ১৯৯৭ থেকে ১ জুলাই, ২০০১ তারিখের মধ্যে। অফিসার্স' ট্রেনিং অ্যাকাডেমি (শর্ট সার্ভিস কমিশন, পুরুষ ও মহিলা) শাখায় আবেদনের জন্য প্রার্থীদের জন্মতারিখ হতে হবে ২ জানুয়ারি, ১৯৯৬ থেকে ১ জানুয়ারি, ২০০২ তারিখের মধ্যে। এক্ষেত্রে বিধবা, সন্তানহীনা মহিলারাও আবেদনযোগ্য।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি এবং অফিসার্স' ট্রেনিং অ্যাকাডেমিতে আবেদনের জন্য প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে। এয়ারফোর্স অ্যাকাডেমিতে আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে অথবা, উচ্চমাধ্যমিক স্তরে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে পড়ে যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি এবং এয়ারফোর্স অ্যাকাডেমির জন্য লিখিত পরীক্ষাতে ইংলিশ, জেনারেল নলেজ এবং এলিমেন্টারি ম্যাথমেটিক্স– এই তিনটি বিষয় থাকবে। প্রতিটি বিষয়েই নির্ধারিত সময় ২ ঘণ্টা করে এবং প্রতিটি বিষয়ে মোট ১০০ নম্বর করে মোট ৩০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে। শুধুমাত্র অফিসার্স' ট্রেনিং অ্যাকাডেমিতে এলিমেন্টারি ম্যাথমেটিক্স বিষয় থেকে প্রশ্ন থাকবে না। বাকি বিষয়গুলি থেকে প্রশ্ন থাকবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে প্রার্থীকে সার্ভিস সিলেকশন বোর্ডের দ্বারা অনুষ্ঠিত ইন্টারভিউ বা পার্সোনালিটি টেস্টে অংশগ্রহণ করতে হবে। ইন্টারভিউটি চারটি ধাপে অনুষ্ঠিত হবে। প্রথম তিনটি ধাপে ৩০০ নম্বর করে মোট ৯০০ নম্বরের পরীক্ষা হবে। শেষ ধাপটিতে ২০০ নম্বরের পরীক্ষা হবে। প্রায় ৫দিন ধরে ইন্টারভিউ রাউন্ড চলবে। লিখিত পরীক্ষায় এক-তৃতীয়াংশ নেগেটিভ মার্কিং থাকবে। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ১০ এপ্রিল, ২০২২।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১১ জানুয়ারি, ২০২২ সন্ধ্যা ৬টার মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে http://upsconline.nic.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২০০ টাকা। এসসি/এসটি ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। অফলাইনে টাকা জমা করতে হবে ১০ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে। আবেদনপত্রের একটি প্রিন্টআউট কপি অবশ্যই নিজের কাছে রেখে দেবেন। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে দেখুন।

## রাজ্য বিদ্যুৎ পর্ষদে ৪১৪ ইঞ্জিনিয়ার

*১ পাতার পর*

▶ **বয়সসীমা :** ১ জানুয়ারি, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-৩২ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা ও বেতনক্রম :** জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) গ্রেড-২ শাখায় আবেদনের জন্য ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ করতে হবে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে। মাসিক বেতনক্রম লেভেল-৬ অনুযায়ী ৩৬,৮০০ টাকা থেকে ১,৬৭,০০০ টাকা। জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স) শাখায় আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে লজিস্টিক্সে পিজি ডিপ্লি/ডিপ্লোমা পাশ অথবা, মেটেরিয়ালস ম্যানেজমেন্টে পিজি ডিপ্লি/ডিপ্লোমা পাশ অথবা লজিস্টিক্স অ্যান্ড মেটেরিয়ালস ম্যানেজমেন্টে পিজি ডিপ্লি/ডিপ্লোমা পাশ অথবা, সাপ্লাই চেন ম্যানেজমেন্টে পিজি ডিপ্লি/ডিপ্লোমা পাশ অথবা, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিক্সে পিজি ডিপ্লি/ডিপ্লোমা পাশ করতে হবে। অথবা পিজিডিবিএম পাশ করতে হবে লজিস্টিক্স/মেটেরিয়ালস ম্যানেজমেন্ট/সাপ্লাই চেন ম্যানেজমেন্টে স্পেশালাইজেশন-সহ।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন টেস্টটিতে ১০০ নম্বরের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় থেকে থাকবে ৬০ নম্বর, জেনারেল অ্যাপ্টিটিউড বিষয় থেকে ২০, ইংলিশ বিষয়ে ১৫ এবং বাংলা/নেপালি বিষয় থেকে ৫ নম্বরের প্রশ্ন থাকবে। প্রশ্নপত্র অবজেক্টিভ টাইপের হবে। সময় ৯০ মিনিট। কোনো নেগেটিভ মার্কিং থাকবে না। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের ২৫ নম্বরের ইন্টারভিউতে অংশগ্রহণ করতে হবে। পরীক্ষা কেন্দ্র ও ইন্টারভিউ কেন্দ্র কলকাতাতেই পড়বে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৫ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদেরআবেদন করতে হবে www.wbsetcl.in ওয়েবসাইট গিয়ে। আবেদন ফি জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স) পদের জন্য ৪০০ টাকা এবং জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) গ্রেড-২ পদের জন্য আবেদন ফি ৩০০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদন ফি লাগবে না। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

## পশ্চিম উপকূলরক্ষীতে ৯৬

*১ পাতার পর*

আবেদন করতে পারেন। আবেদনপত্র পাঠাতে হবে ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে।

▶ **শূন্যপদ, বয়স ও শিক্ষাগত যোগ্যতা :** *১) ইঞ্জিন ড্রাইভার শাখায়* শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৩ - কোচি, ওবিসি ১ - মুরুদ জঞ্জিরা, এসসি ১ - মুম্বাই) বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে। যোগ্যতা - মাধ্যমিক পাশের সঙ্গে সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইঞ্জিন ড্রাইভার হিসেবে দক্ষতার সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। *২ সরঙ্গ লস্কর শাখায়* শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ - মুরুদ জঞ্জিরা, ওবিসি ১ - মুম্বাই)। বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে। যোগ্যতা - মাধ্যমিক পাশের সঙ্গে সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট কাজে দক্ষতার সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। *৩) ফায়ার ইঞ্জিন ড্রাইভার শাখায়* শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৩ , ওবিসি ২ - দমনে শূন্যপদ) বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে। যোগ্যতা - মাধ্যমিক পাশের সঙ্গে সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভারী গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে এবং ড্রাইভিংয়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *৪) ফায়ারম্যান শাখায়* শূন্যপদ ৫৩টি। এরমধ্যে দমনে ২৪টি শূন্যপদ সংরক্ষিত। (অসংরক্ষিত ১০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, ওবিসি ৫, এসটি ২ ও এসসি ৪)। বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে। যোগ্যতা - মাধ্যমিক পাশের সঙ্গে সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভারী গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে এবং ড্রাইভিংয়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। রত্নগিরিতে ২৯টি শূন্যপদ সংরক্ষিত। অসংরক্ষিত ১৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২ ওবিসি ৭ এসটি ২ ও এসসি ৪। বয়সসীমা ১৮-২৭ বছর। মাধ্যমিক পাশ করতে হবে। ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৬৫ সেমি। বুকের ছাতি হতে হবে ৮১.৫ সেমি। ফুলিয়ে ৮৫ সেমি এবং ওজনে অন্তত ৫০ কেজি হতে হবে। এন্ডিয়োরেন্স টেস্টে অংশগ্রহণ করতে হবে যেখানে মাত্র ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার উচ্চতায় ৬৩.৫ কেজি ওজনের একজন মানুষকে

*এরপর ৩ পাতায়*

## নদীয়া জেলায় ৬৭ স্বাস্থ্যকর্মী

*১ পাতার পর*

সুপারভাইজার (ব্লাড সার্ভিস), ল্যাব টেকনিশিয়ান (ব্লাড সার্ভিস), কাউন্সিলার (ব্লাড সার্ভিস), কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজার, ডিস্ট্রিক্ট কনসালট্যান্ট, পিয়ার সাপোর্ট স্টাফ, হসপিটাল অ্যাটেন্ডেন্ট, স্যানিটারি অ্যাটেন্ডেন্ট, সাইক্রিয়াটিস্ট, ট্রেন্ড মেডিক্যাল অফিসার, জিএনএম, স্পুটামস্মেয়ার মাইক্রোস্কোপিস্ট, সিনিয়র টিউবারকিউলোসিস ল্যাবরেটরি সুপারভাইজার, মেডিক্যাল অফিসার, স্টাফ নার্স ইত্যাদি শাখায়। আবেদনপত্র পাঠাতে হবে ৩১ ডিসেম্বর, ২০২১ বিকেল ৪টের মধ্যে।

▶ **শূন্যপদ, বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** *১) অ্যাটেন্ডেন্ট শাখায়* শূন্যপদ ১টি (এসসি)। বয়সসীমা ২০-৪০ বছর। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সমস্ত রান্নাবান্না জানতে হবে এবং বাংলা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। শুধুমাত্র মহিলা প্রার্থীরাই আবেদনযোগ্য। প্রার্থীদের নদীয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। *২) জিডিএমও শাখায়* শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২ ও এসসি ১)। এমবিবিএস পাশের সঙ্গে এক বছরের ইন্টার্নশিপ বাধ্যতামূলক ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল থেকে। বয়সসীমা ৬২ বছর। *৩) ল্যাব টেকনিশিয়ান (এনইউএইচএম) শাখায়* শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও এসটি ১)। বয়সসীমা ৪০ বছর। ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি/ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে

*এরপর ৪ পাতায়*


### 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org



### 'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে প্রকাশিত কোনো বিজ্ঞাপনের তথ্যে কোনোরূপ ভুল থাকলে তার দায় সম্পূর্ণভাবে ঐ বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

# সিআইএসএফে ২৪৯ কনস্টেবল

১ পাতার পর

বিকেল পাঁচটা পর্যন্ত।

▶ **শূন্যপদ :** ১) *অ্যাথলেটিক্স বিভাগে– পুরুষ শাখায়* ১০০ মিটারে ১টি, ২০০ মিটারে ৩টি, ৪০০ মিটারে ২, ৮০০ মিটারে ২, ১৫০০ মিটারে ৩, ৩০০০ মিটারে ২, ৫০০০ মিটারে ৩, ১০০০০ মিটারে ৩, ম্যারাথনে ৩, ২০ মিটার হাঁটায় ৩, ১১০ মিটার হার্ডলে ২, ৪০০ মিটার হার্ডলে ৩, ৪×১০০ মিটার রিলেতে ৪, ৪×৪০০ মিটার রিলেতে ৪, শর্টপুটে ২, হ্যামার থ্রোতে ২, জ্যাভলিন থ্রোতে ১, ডেকাথলনে ২, লং জাম্পে ১, হাই জাম্পে ২, ট্রিপল জাম্পে ৩ এবং পোল ভল্টে ১টি শূন্যপদ সংরক্ষিত। *অ্যাথলেটিক্স বিভাগে– মহিলা শাখায়* ১০০ মিটারে ১টি, ২০০ মিটারে ২টি, ৪০০ মিটারে ১, ৮০০ মিটারে ৩, ১৫০০ মিটারে ৩, ৩০০০ মিটারে ৩, ৫০০০ মিটারে ১, ১০০০০ মিটারে ২, ম্যারাথনে ৩, ১০ মিটার হাঁটায় ২, ১০০ মিটার হার্ডলে ২, ৪০০ মিটার হার্ডলে ৩, ৪×১০০ মিটার রিলেতে ৪, ৪×৪০০ মিটার রিলেতে ৪, হ্যামার থ্রোতে ১, জ্যাভলিন থ্রোতে ১, লং জাম্পে ১, হাই জাম্পে ১ এবং পোল ভল্টে ১টি শূন্যপদ সংরক্ষিত। ২) *বক্সিং বিভাগে– পুরুষ শাখায়* ৪৮ কেজিতে ১টি, ৫১ কেজিতে ১, ৫৪ কেজিতে ১, ৬৩.৫ কেজিতে ১, ৮০ কেজিতে ১, ৮৬ কেজিতে ১, ৯৩ কেজিতে ১ এবং ৯২ কেজির উর্ধ্বসীমা ১টি শূন্যপদ সংরক্ষিত। *বক্সিং বিভাগে– মহিলা শাখায়* ৪৮ কেজিতে ১টি, ৫৪ কেজিতে ১, ৫৭ কেজিতে ১, ৬০ কেজিতে ১, ৬৩ কেজিতে ১, ৬৬ কেজিতে ১, ৭০ কেজিতে ১, ৭৫ কেজিতে ১ এবং ৮১ কেজির উর্ধ্বসীমায় ১টি শূন্যপদ সংরক্ষিত। ৩) *বাস্কেটবল বিভাগে– পুরুষ শাখায়* শূন্যপদ ৮টি। ৪) *জিমন্যাস্টিক বিভাগে– পুরুষ শাখায়* শূন্যপদ ৫টি। ৫) *ফুটবল বিভাগে– পুরুষ শাখায়* শূন্যপদ ১০টি। ৬) *হকি বিভাগে– পুরুষ শাখায়* শূন্যপদ ১৫টি। ৭) *হ্যান্ডবল বিভাগে– পুরুষ শাখায়* শূন্যপদ ৬টি। ৮) *জুডো বিভাগে– পুরুষ শাখায়* ৬৬ কেজিতে ২, ৭৩ কেজিতে ১, ৮১ কেজিতে ২, ৯০ কেজিতে ১ এবং ১০০ কেজিতে ১টি শূন্যপদ সংরক্ষিত। *জুডো বিভাগে– মহিলা শাখায়* ৭০ কেজিতে ২ এবং ৭৮ কেজির উর্ধ্বে ২টি শূন্যপদ সংরক্ষিত। ৯) *কাবাডি বিভাগে–* পুরুষ শাখায় ৭টি ও মহিলা শাখায় ৮টি শূন্যপদ সংরক্ষিত। ১০) *শুটিং বিভাগে–* পুরুষ শাখায় রাইফেলে ২টি ও পিস্তলে ১টি এবং মহিলা শাখায় রাইফেলে ১টি শূন্যপদ সংরক্ষিত। ১১) *সুইমিং বিভাগে–* পুরুষ শাখায় ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার (ফ্রিস্টাইল) শূন্যপদ ৩টি। ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটার (ব্রেস্ট স্ট্রোক) শূন্যপদ ৩টি। ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটার (ব্যাক স্ট্রোক) শূন্যপদ ৩টি। ৫০ মিটার, ১০০ মিটার, ২০০ মিটারে (বাটার ফ্লাই) শূন্যপদ ২টি। ১ মিটার স্প্রিং বোর্ড ডাইভিংয়ে ২টি, ৩ মিটার স্প্রিং বোর্ড ডাইভিংয়ে ২টি এবং হাইবোর্ড ডাইভিংয়ে ২টি শূন্যপদ সংরক্ষিত। ১২) *ভলিবল বিভাগে–* পুরুষ শাখায় শূন্যপদ ৫টি। ১৩) *ওয়েট লিফটিং বিভাগে–* পুরুষ শাখায় ৫৫ কেজিতে ২, ৬১ কেজিতে ১, ৬৭ কেজিতে ২, ৭৩ কেজিতে ২, ৮১ কেজিতে ২, ৮৯ কেজিতে ১, ৯৬ কেজিতে ২, ১০২ কেজিতে ২, ১০৯ কেজিতে ১ এবং ১০৯ কেজির উর্ধ্বে ১টি শূন্যপদ সংরক্ষিত। *ওয়েট লিফটিং বিভাগে–* মহিলা শাখায় ৪৫ কেজিতে ১, ৫৯ কেজিতে ১, ৬৪ কেজিতে ১, ৭১ কেজিতে ১, ৭৬ কেজিতে ১, ৮৭ কেজিতে ১ এবং ৮৭ কেজির উর্ধ্বে ১টি শূন্যপদ সংরক্ষিত। ১৪) *রেসলিং বিভাগে–* পুরুষ শাখায় ৫৫ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ২টি, ৬০ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ১টি, ৮২ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ২টি, ৮৭ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ১টি, ৯৭ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ২টি, ১২৫ কেজিতে (গ্রিসো রোমান) শূন্যপদ ১টি, ৭০ কেজি (ফ্রিস্টাইলে) ১টি, ৭৪ কেজি (ফ্রিস্টাইলে) ১টি, ৮৬ কেজি (ফ্রিস্টাইলে) ১টি, ৯৭ কেজি (ফ্রিস্টাইলে) ১টি এবং ১২৫ কেজি (ফ্রিস্টাইলে) ১টি শূন্যপদ সংরক্ষিত। ১৫) *তাইকোন্দো বিভাগে–* পুরুষ শাখায় ৫৪ কেজিতে শূন্যপদ ১টি, ৫৮ কেজিতে ১, ৬৩ কেজিতে ১, ৬৮ কেজিতে ১, ৭৪ কেজিতে ১, ৮০ কেজিতে ১, ৮৭ কেজিতে ১ এবং ৮৭ কেজির উর্ধ্বে ১টি শূন্যপদ সংরক্ষিত।

▶ **বয়সসীমা :** ১ আগস্ট ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৩ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বোর্ড থেকে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ক্রিড়া বিভাগে রাজ্য/জাতীয়/আন্তর্জাতিক স্তরে প্রার্থীর ভালো পারফরম্যান্স থাকতে হবে।

▶ **শারীরিক মাপজোখ :** পুরুষদের ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৬৭ সেমি, গোর্খা, গাড়োয়ালি, কুমায়ুনি, ডোগরা, মারাঠা এবং আদিবাসীদের জন্য ন্যূনতম শারীরিক উচ্চতা হবে হবে ১৬০ সেমি। উভয়েরই বুকের ছাতি হতে হবে ৮১-৮৬ সেমির মধ্যে। মহিলাদের ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৫৩ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে নিকট দৃষ্টিতে ভালো চোখে এন-৬ এবং খারাপ চোখে এন-৯, দূরদৃষ্টিতে ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯ হতে হবে। শারীরিক উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৩১ মার্চ, ২০২২ তারিখের মধ্যে প্রার্থীদের লিখিত আবেদনপত্র পাঠাতে হবে। আবেদনপত্রের বয়ান ও সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে https://cisfrectt.in ওয়েবসাইট থেকে। সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটিতেই চিঠি পাঠানোর ঠিকানা বিস্তারিত দেওয়া আছে। আবেদন ফি ১০০ টাকা। এসসি/এসটি ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। আবেদন ফি জমা করতে হবে শুধুমাত্র পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ফিজিক্যাল টেস্ট, ট্রায়াল টেস্ট এবং ডকুমেন্ট ভেরিফিকেশনের মাধ্যমে। বিস্তারিত জানুন উপরিউক্ত ওয়েবসাইট থেকে।

# ভারতীয় উপকূল রক্ষী বাহিনীতে ৩২২

১ পাতার পর

*ডিউটি)* শাখায় শূন্যপদ ২৬০টি (অসংরক্ষিত ১১২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২৮, ওবিসি ৭২, এসটি ১১ এবং এসসি ৩৭)। ২) *নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ)* শাখায় শূন্যপদ ৩৫টি (অসংরক্ষিত ১২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, ওবিসি ৯, এসটি ৭ এবং এসসি ৫)। ৩) *যান্ত্রিক (মেকানিক্যাল)* শাখায় শূন্যপদ ১৩টি (অসংরক্ষিত ৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ২ ও এসটি ৬)। ৪) *যান্ত্রিক (ইলেকট্রিক্যাল)* শাখায় শূন্যপদ ৯টি (অসংরক্ষিত ৬, ওবিসি ২ ও এসসি ১)। ৫) *যান্ত্রিক (ইলেকট্রনিক্স)* শাখায় শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১ ও এসসি ১)।

▶ **বয়সসীমা :** নাবিক জেনারেল ডিউটি এবং যান্ত্রিক শাখায় আবেদনের জন্য প্রার্থীদের জন্মতারিখ হতে হবে ১ আগস্ট, ২০০০ তারিখ থেকে ৩১ জুলাই, ২০০৪ তারিখের মধ্যে। নাবিক ডোমেস্টিক ব্রাঞ্চ শাখায় আবেদনের জন্য প্রার্থীর জন্মতারিখ হতে হবে ১ অক্টোবর ২০০০ থেকে ৩০ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** জেনারেল ডিউটি এবং ডোমেস্টিক ব্রাঞ্চ শাখায় নাবিক পদে আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে প্রার্থীদের মাধ্যমিক পাশ করতে হবে। যান্ত্রিক শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ৩ বা ৪ বছর মেয়াদের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ করতে হবে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/ইলেকট্রনিক্স/টেলি-কমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিং শাখায়। যদি উচ্চমাধ্যমিক পাশ করা থাকে সেক্ষেত্রে উপরিউক্ত ইঞ্জিনিয়ারিং বিষয়গুলির যেকোনো একটিতে ২ বা ৩ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ থাকতে হবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ফিজিক্যাল ফিটনেস টেস্টের মাধ্যমে। অনলাইনে অবজেক্টিভ টাইপের লিখিত পরীক্ষাটি ৫টি সেকশনে অনুষ্ঠিত হবে। প্রথম সেকশনে থাকবে ম্যাথ থেকে ২০টি প্রশ্ন, সায়েন্স থেকে ১০টি, ইংরেজি থেকে ১৫টি, রিজনিং থেকে ১০টি এবং জিকে থেকে ৫টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। এই ধাপে কোয়ালিফাইং মার্কস ৩০। এসসি/এসটি প্রার্থীদের জন্য কোয়ালিফাইং মার্কস ২৭। দ্বিতীয় সেকশনে ম্যাথ ও ফিজিক্স বিষয় থেকে যথাক্রমে ২৫ নম্বর করে প্রশ্ন থাকবে। সময় ৩০ মিনিট। এক্ষেত্রে কোয়ালিফাইং মার্কস ২০। এসসি/এসটি প্রার্থীদের জন্য ১৭ নম্বর। তৃতীয় সেকশনে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয় থেকে ৫০ নম্বরের প্রশ্ন। এক্ষেত্রেও কোয়ালিফাইং মার্কস থাকবে ২০ ও এসসি/এসটি প্রার্থীদের জন্য কোয়ালিফাইং মার্কস ১৭। লিখিত পরীক্ষা উত্তীর্ণ হলে প্রার্থীদের ফিজিক্যাল ফিটনেস টেস্টে অংশগ্রহণ করতে হবে। এই ধাপে প্রার্থীদের ৭ মিনিটে ১.৬ কিমি দৌড়তে হবে। ২০টি ওঠবোস দিতে হবে এবং ১০টি পুশআপ দিতে হবে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের ডকুমেন্ট ভেরিফিকেশনে ডাকা হবে। সমস্ত প্রয়োজনীয় নথিপত্রের বৈধতা ৩১ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে হতে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৪ জানুয়ারি থেকে ১৪ জানুয়ারি, ২০২২ তারিখ বিকেল পাঁচটার মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে https://joinindiancoastguard.cdac.in ওয়েবসাইট গিয়ে। আবেদন ফি ২৫০ টাকা। এসসি/এসটি প্রার্থীদের আবেদন ফি লাগবে না। লিখিত পরীক্ষা শুরু হবে ২০২২ সালের সম্ভবত মার্চ মাস নাগাদ। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

# পশ্চিম উপকূলরক্ষীতে ৯৬

২ পাতার পর

বহন করে নিয়ে যেতে হবে। এছাড়া, ২.৭ মিটার প্রশস্ত কোনো পরীক্ষাকে লং জাম্পেরর মাধ্যমে অতিক্রম করতে হবে। অন্তত ৩ মিটার উচ্চতায় দড়ির সাহায্যে উঠতে হবে। ৫) *সিভিলিয়ান মোটর ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) শাখায়* শূন্যপদ ১১টি (অসংরক্ষিত ৩, এসসি ৩ - এওলি দমনে, ওবিসি ২ - কাভারাত্তি, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১ - রত্নগিরি, এসটি ২ - মুম্বাইতে। বয়সসীমা ১৮-২৭ বছরের মধ্যে। যোগ্যতা - মাধ্যমিক পাশের সঙ্গে সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভারী ও হাল্কা গাড়ি চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং ড্রাইভিংয়ে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মেকানিজমে দক্ষতা থাকতে হবে। ৬) *মোটর ট্রান্সপোর্ট ফিটার শাখায়* শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ১ - কাভারাত্তি, অসংরক্ষিত ১ - কোচি, অসংরক্ষিত ২ - রত্নগিরি, ওবিসি ১ - মুম্বাই। বয়সসীমা ১৮-২৫ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে অটোমোবাইল ওয়ার্কশপে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৭) *স্টোরকিপার গ্রেড-২ শাখায়* শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২ - কোচি, এসসি ১ - মুম্বাই। বয়সসীমা ১৮-২৫ বছর। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে স্টোর হ্যান্ডেলিংয়ে। ৮) *স্প্রে পেইন্টার শাখায়* শূন্যপদ ১টি (অসংরক্ষিত - রত্নগিরি)। বয়সসীমা ১৮-২৫ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ পেয়ে থাকতে হবে। ৯) *মোটর ট্রান্সপোর্ট মেকানিক শাখায়* শূন্যপদ ১টি (অসংরক্ষিত - রত্নগিরি)। বয়সসীমা ১৮-২৫ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে অটোমোবাইল ওয়ার্কশপে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ১০) *লস্কর শাখায়* শূন্যপদ ৫টি (ওবিসি ৩ - মুম্বাই, অসংরক্ষিত ১ - মুরুদ জঞ্জিরায় এবং এসসি ১ - কোচি)। বয়সসীমা ১৮-৩০ বছর। মাধ্যমিক

*এরপর ৪ পাতায়*


GSTT GEORGE SCHOOL OF TEACHERS TRAINING

জর্জ স্কুল অফ টিচার্স ট্রেনিং

101 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2021

Affiliated to : National Council of Vocational & Research Training (NCVRT)
(An Autonomous Body Recognized by Government of India)

Admission is going on. Take admission within December, '21 for 2021-22 Session

One Year Certificate / Diploma Courses

| Course | Eligibility | Duration |
|---|---|---|
| Certificate in Pre-School Teacher Training | 10th Pass | One Year |
| Certificate in Pre-Primary Teacher Training | 10th Pass | One Year |
| Certificate in Nursery Teacher Training | 10th Pass | One Year |
| Certificate in Montessori Teacher Training | 10th Pass | One Year |
| Certificate in Drawing Teacher Training | 10th Pass | One Year |
| Certificate in Computer Teacher Training | 10th Pass | One Year |
| Diploma in Montessori & Nursery Teacher Training | 12th Pass | One Year |
| PG Diploma in Montessori & Nursery Teacher Training | Any Degree/ Diploma | One Year |
| Diploma in Montessori Teacher Training | 10th Pass | One Year |
| Diploma in Primary Teacher Training | 10th Pass | One Year |

হেড অফিস : শিয়ালদহ ১৩৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২ 9231036500

Please send your queries to : gsttsdh@gmail.com

# পশ্চিম উপকূলরক্ষীতে ৯৬

*৩ পাতার পর*

পাশের সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে নৌকা চালানোয়। ***১১) মাল্টি টাস্কিং স্টাফ (পিওন) শাখায়*** শূন্যপদ ৩টি (অসংরক্ষিত ২ - রত্নগিরি, ওবিসি ১ - গোয়া)। বয়সসীমা ১৮-২৭ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে অফিস অ্যাটেন্ডেন্ট হিসেবে। ***১২) আনস্কিলড লেবার শাখায়*** শূন্যপদ ১টি (অসংরক্ষিত - দমন)। বয়সসীমা ১৮-২৭ বছর। মাধ্যমিক পাশ অথবা আইটিআই পাশ করতে হবে। ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে সংশ্লিষ্ট ট্রেডে। উপরিউক্ত সমস্ত পদে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা ৩১ জানুয়ারি, ২০২২ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে শুধুমাত্র অর্ডিনারি পোস্টের মাধ্যমে আবেদনপত্র পাঠাতে হবে নিম্নলিখিত ঠিকানাগুলিতে। মুম্বাই ও মুরুদ জঞ্জিরা ইউনিটের জন্য ঠিকানা হল– To, The Commander, No.2 Coast Guard District, Head Quarters, Worli Sea Face P.O., Worli Colony, Mumbai-400030। কোচি ইউনিটের জন্য ঠিকানা হল-- To, The Commander, No.4 Coast Guard District (Kerala & Mahe), Kelvatthy Fort, Fort Kochi-682001। রত্নগিরি ইউনিটের জন্য ঠিকানা হল– To, The Commanding Officer, CGAS Ratnagiri, C/o ICGS Ratnagiri, Airport Building, MIDC Area, Ratnagiri District-415639, Maharashtra। গোয়া ইউনিটের জন্য ঠিকানা হল– To, The Commander, No.11 Coast Guard District Headquarters (Goa), Fourth Floor, MPT Old Admin Building, Mormugao Harbour, Goa-403803। কাভারাত্তি ইউনিটের জন্য ঠিকানা হল-- To, The Commander, No.12 Coast Guard District (Kavaratti), Kavaratti Island, UT or Lakshadweep-682555। দমন ইউনিটের জন্য ঠিকানা হল– To, The Commanding Officer, Coast Guard Air Station, Daman, Nani Dman, Daman-396210। আবেদনপত্রের সঙ্গে সমস্ত প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি পাঠাতে হবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং ট্রেড/স্কিল টেস্টের মাধ্যমে। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে দেওয়া আছে। যেটি ডাউনলোড করতে হবে। https://www.indiancoastguard.gov.in এই ওয়েবসাইট থেকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি ডাউনলোড করতে হবে যার সাথে আবেদনপত্রের বয়ান দেওয়া আছে। বিশদ জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ুন।

# নদীয়া জেলায় ৬৭ স্বাস্থ্যকর্মী

*২ পাতার পর*

ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অথবা, ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্স দ্বারা স্বীকৃত মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা পাশ করতে হবে। কম্পিউটারে কাজ জানতে হবে। ***৪) স্টাফ নার্স (এনইউএইচএম) শাখায*** শূন্যপদ ৩২টি (অসংরক্ষিত ১৬, ওবিসি-এ ৩, ওবিসি-বি ৩, এসসি ৮ ও এসটি ২)। বয়সসীমা ৪০ বছর। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত জিএনএম কোর্স পাশের সঙ্গে স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। ***৫) মেডিক্যাল অফিসার (এনইউএইচএম) শাখায*** শূন্যপদ ৫টি (অসংরক্ষিত)। বয়সসীমা ৬২ বছর। এমবিবিএস পাশের সঙ্গে এক বছরের ইন্টার্নশিপ বাধ্যতামূলক ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল থেকে। ***৬) সিনিয়র ট্রিটমেন্ট সুপারভাইজার শাখায*** শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ৩ ও এসসি ১)। বয়সসীমা ৪০ বছর। ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ স্যানিটারি ইন্সপেক্টর কোর্সে স্নাতক পাশ করতে হবে। ২ চাকার যান চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। কম্পিউটারে কাজ জানতে হবে। ***৭) স্পুটাম স্মিয়ার মাইক্রোস্কোপিস্ট শাখায*** শূন্যপদ ২টি (এসটি)। বয়সসীমা ৪০ বছর। ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি/ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অথবা, ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্স দ্বারা স্বীকৃত মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা পাশ করতে হবে। ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ***৮) সাইক্রিয়াটিস্ট/ট্রেড মেডিক্যাল অফিসার শাখায*** শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়সসীমা ৪০ বছর। সাইক্রিয়াটিস্ট পদের জন্য এমবিবিএস পাশের সঙ্গে এমডি/ ডিএনবি সাইক্রিয়াট্রি/ডিপিএন পাশ করতে হবে। ট্রেড মেডিক্যাল অফিসার পদের জন্য এমবিবিএস পাশের সঙ্গে সাইক্রিয়াট্রি বিষয়ে ন্যূনতম ৪ মাসের প্রশিক্ষণ থাকতে হবে। ***৯) স্যানিটারি অ্যাটেন্ডেন্ট শাখায*** শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও এসসি ১)। বয়সসীমা ৪০ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো হসপিটালে। ***১০) হসপিটাল অ্যাটেন্ডেন্ট শাখায*** শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১ ও এসসি ১)। বয়সসীমা ৪০ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কোনো হসপিটালে। ***১১) পিয়ার সাপোর্ট স্টাফ শাখায*** শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়সসীমা ৪০ বছর। উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে হেপাটাইটিস-বি/হিপাটাইটিস-সি রোগ থেকে আরোগ্যপ্রাপ্ত হয়ে থাকতে হবে। ***১২) ডিস্ট্রিক্ট কনসালট্যান্ট শাখায*** শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়সসীমা ৪০ বছর। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ করতে হবে পাবলিক হেলথ/ সোশ্যাল সায়েন্স/ম্যানেজমেন্ট বিষয়ে। অথবা, এমবিবিএস/বিডিএস পাশ করতে হবে। উভয় ক্ষেত্রেই অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ***১৩) কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজার শাখায*** শূন্যপদ ২টি (ওবিসি-এ ১, এসটি ১)। বয়সসীমা ৫০-৬২ বছর। বায়োলজি বিষয় নিয়ে স্নাতক পাশ করতে হবে। শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। ২ চাকার যান চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ***১৪) কাউন্সিলার (ব্লাড সার্ভিস) শাখায*** শূন্যপদ ১টি (এসটি)। বয়সসীমা ৪০ বছর। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ করতে হবে সাইকোলজি/সোশ্যাল ওয়ার্ক/সোশিওলজি/অ্যানথ্রোপলজি/ হিউম্যান ডেভেলপমেন্ট বিষয়ে। ব্লাড ব্যাঙ্কিং কাউন্সেলিয়ে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে ও কম্পিউটার জানতে হবে। ***১৫) ল্যাব টেকনিশিয়ান (ব্লাড সার্ভিস) শাখায*** শূন্যপদ ১টি (এসটি)। বয়সসীমা ৪০ বছর। ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স/বায়োলজি নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা/ ডিগ্রি পাশ করতে হবে। অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক। ***১৬) টেকনিক্যাল সুপারভাইজার (ব্লাড সার্ভিস) শাখায*** শূন্যপদ ১টি (এসটি)। বয়সসীমা ৪০ বছর। ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স/বায়োলজি নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা/ ডিগ্রি পাশ করতে হবে। অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৩১ ডিসেম্বর, ২০২১ বিকেল ৪টের মধ্যে প্রার্থীদের আবেদনপত্র পাঠাতে হবে রেজিস্টার্ড বা স্পিড পোস্ট বা কুরিয়ারের মাধ্যমে এই ঠিকানায়– To, The Chief Medical Office of Health, Nadia & Secretary, Dist. Health & Family Welfare Samity, 5, D L Roy Road, P.O. Krishnanagar, Dist. Nadia, Pin-741101. খামের উপর অবশ্যই বড় হাতের অক্ষরে লিখে দিতে হবে APPLICATION FOR THE POST OF _____। আবেদনপত্রের বয়ান ও সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি ডাউনলোড করতে হবে www.nadia.nic.in অথবা, www.wbhealth.gov.in ওয়েবসাইট থেকে। আবেদনপত্রে সঙ্গে সমস্ত প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি, রঙিন পাসপোর্ট সাইজ ফটোগ্রাফ পাঠিয়ে দিতে হবে। আবেদন ফি ১০০ টাকা। সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের আবেদন ফি ৫০ টাকা। আবেদন ফি ডিমান্ড ড্রাফটের মাধ্যমে জমা করতে হবে। প্রার্থীদের সমস্ত শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা ১ ডিসেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থী হলে সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

# ন্যাশনাল ডিফেন্স ও ন্যাভাল অ্যাকাডেমিতে ৪০০

*১ পাতার পর*

3/2022-NDA-I। ইচ্ছুক প্রার্থীরা আবেদন করবেন ১১ জানুয়ারি, ২০২২ সন্ধ্যা ৬টার মধ্যে মধ্যে। অনলাইন আবেদনপত্রটি ১৮-২৪ জানুয়ারি, ২০২২ সন্ধ্যা ৬টার মধ্যে ডাউনলোড করে নিজের কাছে রেখে দিতে হবে।

▶ **শূন্যপদ :** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি শাখায় মোট শূন্যপদ ৩৭০টি। এর মধ্যে আর্মি শাখায় শূন্যপদ ২০৮টি যার মধ্যে মহিলাদের জন্য ১০টি শূন্যপদ সংরক্ষিত। নেভি শাখায় শূন্যপদ ৪২টি যার মধ্যে ৩টি মহিলাদের জন্য সংরক্ষিত। এয়ারপোর্ট শাখায় ফ্লাইং ব্রাঞ্চে শূন্যপদ ৯২টি যার মধ্যে ২টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) ব্রাঞ্চে শূন্যপদ ১৮টি যার মধ্যে মহিলাদের জন্য ২টি। গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চে শূন্যপদ ১০টি যার মধ্যে ২টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত। ন্যাভাল অ্যাকাডেমি (১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম) শাখায় শূন্যপদ ৩০টি। এই পদগুলি শুধুমাত্র পুরুষ প্রার্থীদের জন্য সংরক্ষিত।

▶ **বয়সসীমা :** প্রার্থীদের জন্মতারিখ হতে হবে ২ জুলাই, ২০০৩ থেকে ১ জুলাই, ২০০৬ তারিখের মধ্যে।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** আর্মি উইং অফ ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি শাখায় আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে ১০+২ স্তরের পাঠ্যক্রমে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা তার সমতুল পাশ করতে হবে। এয়ারফোর্স অ্যান্ড ন্যাভাল উইংস অফ ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম অ্যাট দ্য ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি শাখায় আবেদনের জন্য স্বীকৃত বোর্ড থেকে ১০+২ স্তরের পাঠ্যক্রমে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক বা তার সমতুল পাশ করতে হবে।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষাটি ৯০০ নম্বরে অনুষ্ঠিত হবে। ম্যাথমেটিক্স বিষয় থেকে ৩০০ নম্বরের প্রশ্ন, জেনারেল এবিলিটি টেস্ট থেকে ৬০০ নম্বরের প্রশ্ন থাকবে। নেগেটিভ মার্কিং থাকবে। প্রতিটি বিষয়ে আড়াই ঘণ্টা করে মোট ৫ ঘণ্টার লিখিত পরীক্ষা হবে। উচ্চমাধ্যমিক স্তরের সিলেবাস থেকে অবজেক্টিভ টাইপের প্রশ্নপত্র হবে। এই ধাপে উত্তীর্ণ হলে সার্ভিস সিলেকশন বোর্ডের মাধ্যমে ৯০০ নম্বরের ইন্টারভিউ নেওয়া হবে। ইন্টারভিউতে প্রথমে প্রার্থীকে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্টে বসতে হয় যেখানে থাকে পিকচার পারসেপশন ও ডেসক্রিপশন টেস্ট। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীকে গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট এবং কনফারেন্সে অংশগ্রহণ করতে হয়। ইন্টারভিউয়ের সময় উপস্থিত থাকেন একাধিক ইন্টারভিউয়িং অফিসার, গ্রুপ টেস্টিং অফিসার এবং একজন সাইকোলজিস্ট। সম্পূর্ণ ইন্টারভিউ রাউন্ডটি অনুষ্ঠিত হয় ৪ দিন ধরে। অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্টে প্রার্থী যদি উত্তীর্ণ না হয় সেক্ষেত্রে সেদিনই তাকে রেজাল্ট জানিয়ে দেওয়া হয় যাতে সে বাড়ি ফিরতে পারে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১১ জানুয়ারি, ২০২২ তারিখ সন্ধ্যা ৬টার মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.upsconline.nic.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। এসসি/এসটি ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। অফলাইনে টাকা জমা করতে হবে ১০ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে। অনলাইনে আবেদনের জন্য ১১ জানুয়ারি, ২০২২ তারিখ পর্যন্ত সময় পাওয়া যাবে। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ১০ এপ্রিল, ২০২২। ইন্টারভিউ অনুষ্ঠিত হবে ২০২২ সালের জুলাই থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত। কোর্স শুরু হবে ২ জানুয়ারি, ২০২৩ তারিখ থেকে। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।


GSCE Publications থেকে প্রকাশিত হল

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

ACHIEVERS Collectors' Handbook of Infotainment

- বিষয়ভিত্তিক তথ্য সংকলন
- ব্যাখ্যাসহ প্র্যাকটিস সেট
- পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলকাতা পুলিশের বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তর

₹200

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল পরীক্ষার অপরিহার্য সংখ্যা

# সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

## নেট/সেট নিয়ে কেরিয়ার

◆ আমি আর্টস নিয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী ২০২২ সালের। ভবিষ্যতে বাংলা বা ইতিহাস বিষয়ে কলেজে পড়ানোর স্বপ্ন দেখি। শুনেছি এর জন্য নেট বা সেট পরীক্ষা দিতে হয়। কিন্তু এই পরীক্ষাগুলি সম্পর্কে বিশেষ কিছুই জানিনা। সবাই বলছে আগে গ্র্যাজুয়েটে ভালো নম্বর পেয়ে পাশ করে তারপর এ বিষয়ে জানতে। আপনারা যদি দয়া করে এই পরীক্ষাগুলি সম্পর্কে বিশদে জানান তাহলে খুব উৎসাহিত হই।

*কৃতি বসাক, করিমপুর, কৃষ্ণনগর*

☞ 'নেট' হল অল ইন্ডিয়া বেসিস একটি 'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট'। 'সেট' হল নির্দিষ্ট রাজ্যের নেট পরীক্ষা সমতুল্য একটি পরীক্ষা 'স্টেট এলিজিবিলিটি টেস্ট', যা শুধুমাত্র সেই রাজ্যে বৈধ। তবে আসাম রাজ্যের সেট পরীক্ষার ক্ষেত্রে নর্থ-ইস্টার্ন এর আটটি রাজ্যে পরীক্ষাটি বৈধ মানা হয়। এই দুটি পরীক্ষার যেকোনো একটি পাশ করে থাকলে বিভিন্ন কলেজ, বিশ্ববিদ্যালয় বা ওই জাতীয় সংস্থায় অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য ইন্টারভিউ দেওয়ার জন্য অংশগ্রহণ করার ডাক পায়। তবে পাবলিক সার্ভিস কমিশনের ক্ষেত্রে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য নেট পাশ থাকলেও আবার পরীক্ষা দিতে হয় যেটি কমিশন কর্তৃক আয়োজিত হয়। এই পরীক্ষায় পাশ করলে তবে ইন্টারভিউতে ডাক পাওয়া যায়। অবশ্য এখনো পর্যন্ত পিএইচডি সম্পূর্ণ থাকলে নেট বাধ্যতামূলক নয়, তবে একাডেমিক স্কোরে নেটের জন্য মার্কিস থাকে। নেট বা সেট পাশ করলে এর বৈধতা থাকে সারাজীবন। এবার আসি 'জেআরএফ' বা 'জুনিয়র রিসার্চ ফেলোশিপ' পদের সম্পর্কে। জুনিয়র রিসার্চ ফেলোশিপ হল নেট পরীক্ষায় উচ্চনম্বর পাওয়া বিশেষ সফল প্রার্থী যারা তিন বছরের মধ্যে পিএইচডি/এমফিল রেজিস্ট্রেশন করতে পারলে— এমফিলে ৩২,৫০০ টাকা/প্রতি মাসে পাবেন সর্বোচ্চ পাঁচ বছরের জন্য, পিএইচডিতে ৩৫,৫০০ টাকা/প্রতি মাসে সর্বোচ্চ পাঁচ বছরের জন্য। এছাড়াও বাড়ি ভাড়া, বই কেনা ইত্যাদির সঠিক বিল দেখালে টাকা পাওয়া যায়। এমফিল শেষ করে পিএইচডিতে যোগদান করলে তাদের ফেলোশিপ কন্টিনিউয়েশন হয়ে থাকে। অর্থাৎ এমফিল-এ দুই বছরে ফেলোশিপ পাওয়ার পর পিএইচডির জন্য আরো তিন বছরের জন্য আবেদন করা যায়। সেক্ষেত্রে, এমফিল শেষ করার এক বছরের মধ্যে পিএইচডি রেজিস্ট্রেশন হওয়া বাধ্যতামূলক। না হলে বাকি তিন বছরের জন্য কোনো ফেলোশিপ আর পাওয়া যাবে না। জুনিয়র রিসার্চ ফেলোশিপ সার্টিফিকেট এর বৈধতা লাইফটাইম, অর্থাৎ এর জন্য একাডেমিক স্কোরে এক্সট্রা মার্কস থাকলে তা লাইফটাইম বৈধ। তবে টাকা পাওয়ার জন্য তিন বছরের মধ্যে আবেদন করতে হবে, নাহলে জেআরএফ-এর টাকা পাওয়া যাবে না। কলেজ সার্ভিস এর নতুন সার্কুলার চালু হলে জেআরএফ-এর ক্ষেত্রে তিন নম্বর এক্সট্রা থাকবে। অর্থাৎ একাডেমিক স্কোরে শুধু নেট থাকলে যা নম্বর পাওয়া যাবে তার থেকে জেআরএফ থাকলে আরও বেশি নম্বর পাওয়া যাবে। জেআরএফ-এ বসার জন্য সাধারণ প্রার্থীদের বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। এসসি/এসটি/ওবিসি/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের বয়সসীমা ৩৫ বছর। নেট বা সেট পরীক্ষার জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, ৫৫% নম্বর থাকতে হবে মাস্টার ডিগ্রিতে। সংরক্ষিত প্রার্থী অর্থাৎ এসসি, এসটি, ওবিসি বা শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ন্যূনতম ৫০% নম্বর। একবার নেট পাশ করে থাকলে সাধারণতঃ অল ইন্ডিয়ার সমস্ত ইউনিভার্সিটি বা সমতুল্য ইনস্টিটিউটে পিএইচডির জন্য আবেদন করা যায়। সাধারণতঃ ইউনিভার্সিটিগুলিতে পিএইচডির জন্য আবেদন করতে গেলে কোনো এন্ট্রান্স টেস্ট দিতে হয় না। শুধুমাত্র ইন্টারভিউ দিতে হয়। তবে বিশেষ কিছু প্রতিষ্ঠান যেমন আইআইটি বা উচ্চমানের রিসার্চ ইনস্টিটিউশনে নেট পাশ থাকলেও এন্ট্রান্স টেস্ট দিতে হয়। এছাড়াও নতুন সার্কুলার প্রকাশের সঙ্গে সঙ্গে কিছু পরিবর্তিত নিয়ম জারি হতে পারে। তার জন্য নিয়মিত পড়াশোনার সঙ্গে আমাদের পত্রিকার পাতায় চোখ রাখুন। নতুন আপডেট থাকলে তা আমরা অবশ্যই জানিয়ে দেব।

## প্রাইমারি টেট

◆ রাজ্যের প্রাইমারি স্কুলে শিক্ষকতার জন্য কি যোগ্যতা প্রয়োজন? বেতন কত? বয়সসীমাই বা কত?

*তুহিন পান, শিমুরালি*

☞ পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হওয়ার যোগ্যতা অর্জনের জন্য একজন প্রার্থীর নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতাগুলির মধ্যে একটি থাকতে হবে-- ক) কমপক্ষে ৫০% নম্বর সহ উচ্চমাধ্যমিক পাশ এবং ২ বছরের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ (D.El.Ed.)। খ) কমপক্ষে ৫০% নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ডিপ্লোমা ইন এডুকেশন (বিশেষ শিক্ষা), যা 'ভারতীয় পুনর্বাসন পরিষদ' (RCP) দ্বারা স্বীকৃত। গ) যেকোনো বিষয়ে স্নাতক পাশের সঙ্গে ২ বছরের 'প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ' (D.El.Ed.)। বয়সসীমা ১৮-৪০ বছর। শিক্ষাগত যোগ্যতা প্রাপ্ত হলে টেট পরীক্ষায় পাশ করতে হবে এবং ইন্টারভিউ রাউন্ড ক্লিয়ার করতে হবে। ২০১৯ সালের পরে পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের বেতন হল, শুরুতে ৩৩,৭৩৫ টাকা (প্রায়) প্রতি মাসে। পড়াতে হবে প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত।

## আপার প্রাইমারি টেট

◆ আপার প্রাইমারি টেট পরীক্ষার বিজ্ঞপ্তি কবে নাগাদ বেরোবে? যোগ্যতা, বয়সসীমা বিষয়ে বিস্তারিত জানাবেন।

*পিয়ালি শিকদার, মছলন্দপুর*

☞ রাজ্যের আপার টেট বা উচ্চপ্রাথমিক টেট বা পরীক্ষার নতুন বিজ্ঞপ্তি আগামী বছর বেরোবার সম্ভাবনা আছে। আপার টেট পাশ করলে রাজ্য সরকারি স্কুলে ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পড়ানোর জন্য শিক্ষক নিয়োগ হয়। উচ্চপ্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হওয়ার যোগ্যতা অর্জনের জন্য প্রার্থীকে নিম্নলিখিত যোগ্যতাগুলির যেকোনো একটি থাকতে হবে।

ক) কমপক্ষে ৫০% নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ২ বছরের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ (D.El.Ed.)। খ) কমপক্ষে ৫০% নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে D.El.Ed. পাশ করতে হবে যা ভারতীয় পুনর্বাসন পরিষদ (RCP) দ্বারা স্বীকৃত। গ) যেকোনো বিষয়ে স্নাতক পাশের সঙ্গে ২ বছরের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ (D.El.Ed.)। ঘ) যেকোনো বিষয়ে স্নাতক পাশের সঙ্গে বিএড পাশ করতে হবে। উভয় যোগ্যতায় কমপক্ষে ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়সসীমা ১৮-৪৫ বছর। ২০১৯ সালের ষষ্ঠ বেতন কমিশনের পরে উচ্চপ্রাথমিক শিক্ষকের শুরুতে মাসিক বেতন দেওয়া হচ্ছে ৩৮,৯১০ টাকা (প্রায়)। নির্দিষ্ট যোগ্যতা থাকলে 'Upper Primary Teacher Eligibility Test' পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এরপর ইন্টারভিউ রাউন্ড ক্লিয়ার করতে হবে।

## এনভায়রনমেন্টাল সায়েন্স নিয়ে কেরিয়ার

◆ রাজ্যে এনভায়রনমেন্টাল সায়েন্স পড়ার সুযোগ কোথায় কোথায় আছে? উচ্চশিক্ষা ও গবেষণা কোথায় করা যায়? কোন কোন ক্ষেত্রে চাকরির সুযোগ মেলে?

*দীপক পাল, বালুরঘাট*

☞ রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কলেজে বিএসসি অনার্স স্তরে এনভায়রনমেন্টাল সায়েন্স পড়ানো হয়। যেমন– • আশুতোষ কলেজ : www.asutosh college.in • নেতাজিনগর কলেজ ফর উইমেন : www.netajinagarcollegeforwomen.in • বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর : www.vc kolkata63.org • কাঁচড়াপাড়া কলেজ : www. kpcoll.net • নবদ্বীপ বিদ্যাসাগর কলেজ : http:// nvcollege.in • চন্দননগর কলেজ : www.chander nagorecollege.org ইত্যাদি।

**স্নাতকোত্তর—**

• কলকাতা (www.caluniv.ac.in), কল্যাণী (www.klyuniv.ac.in), বিশ্বভারতী (http://visva bharati.ac.in), বিদ্যাসাগর (www.vidyasagar. ac.in), রবীন্দ্রভারতী (www.rbu.ac.in) এর মতো বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পড়া যায়। বিশ্বভারতী এবং রবীন্দ্রভারতীতে এনভায়রনমেন্টাল সায়েন্স নয়, এনভায়রনমেন্টাল স্টাডিজ-এ স্নাতকোত্তর পড়ানো হয়। বিদ্যাসাগরের দূরশিক্ষার মাধ্যমে কোর্সটি কিন্তু এমএসসি।

রাজ্যের বাইরেও বেশ কিছু বিশ্ববিদ্যালয়ে এমএসসি পড়তে যায় ছেলেমেয়েরা। যেমন– • পণ্ডিচেরি বিশ্ববিদ্যালয় : www.pondiuni.edu.in এখানকার ইকোলজি অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস বিভাগে এমএসসি ছাড়াও পিএইচডি করার সুযোগ রয়েছে। • বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয় : www.bhu.ac.in, • সাবিত্রীবাই ফুলে পুণে বিশ্ববিদ্যালয় : www. unipune.ac.in/dept/science/engironmental বিষয়ে এমএসসি পড়ায়। • জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় : www.jnu.ac.in/ses এখানকার স্কুল অব এনভায়রনমেন্টাল সায়েন্সেস-এ এমএসসি ছাড়াও এমফিল, পিএইচডি পড়ায়। • দিল্লি বিশ্ববিদ্যালয় : www.du.ac.in/ du/index.php? page=environmental-studies এখানে এনভায়রনমেন্টাল স্টাডিজ-এ এমএ/এমএসসি পড়ায়। • দুন ইউনিভার্সিটি : এমএসসি এনভায়রনমেন্টাল সায়েন্স, এমএসসি এনভায়রনমেন্টাল সায়েন্স (ন্যাশনাল রিসোর্স ম্যানেজমেন্ট-এ সেপশালাইজেশন সহ), এমটেক এনভায়রনমেন্টাল টেকনোলজি পড়ানো হয়। https://doonuniversity.org • তেজপুর ইউনিভার্সিটি : এমএসসি এনভায়রনমেন্টাল সায়েন্স পড়ায়। www.tezu.ernet.in/denvsc • নর্থ ইস্টার্ন হিল ইউনিভার্সিটি, শিলং : এমএসসি এনভায়রনমেন্টাল সায়েন্স পড়ায়। https://nehu.ac.in/department/ 23/Environmenta Studies-Depaartment • সম্বলপুর ইউনিভার্সিটি : www.suniv.ac.in • ব্যাঙ্গালোর ইউনিভার্সিটি : http://bangalore university.ac.in • আলিগড় মুসলিম ইউনিভার্সিটি : www.amu.ac.in এখানে ওয়াইল্ডলাইফ সায়েন্স এবং বায়োডাইভার্সিটি স্টাডিজ অ্যান্ড ম্যানেজমেন্টে এমএসসি পড়ায়। • ডঃ রামমনোহর লোহিয়া অবধ বিশ্ববিদ্যালয়, ফইজাবাদ : www.rmlau.ac.in/DeptEnviron mentalScience.as এনভায়রনমেন্টাল সায়েন্সের নানান আনুষঙ্গিক বিষয় নিয়ে উচ্চশিক্ষা করা যায়। • টেরি স্কুল অব অ্যাডভান্সড স্টাডিজ : www.terisas.ac.in এমএসসি এনভায়রনমেন্টাল স্টাডিজ অ্যান্ড রিসোর্স ম্যানেজমেন্ট, এমএসসি ক্লাইমেট সায়েন্স অ্যান্ড পলিসি, এমএ সাস্টেনেবল ডেভেলপমেন্ট-এর মতো নানা কোর্স আছে এই প্রতিষ্ঠানে। • ইন্ডিয়ান ইনস্টিটিউট অব রিমোট সেন্সিং : www.iirs.gov.in এম টেক ইন রিমোট সেন্সিং অ্যান্ড জিআইএস করা যায়। • এফআরআই, দেহরাদুন : এনভায়রনমেন্ট সায়েন্সের আনুষঙ্গিক বিষয় নিয়ে উচ্চশিক্ষা করা যায়। http://www.fri.res.in/ • আইআইটি (ইন্ডিয়ান স্কুল অব মাইনস), ধানবাদ : www.iitism. ac.in/index.php/enriro এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-এ এমটেক পড়ায়। বি টেক-এ ভর্তি হতে আইআইটি জয়েন্ট এবং এম টেক পড়তে গেট বা প্রতিষ্ঠান পরিচালিত পরীক্ষা দিতে হবে।

**স্পেশালাইজেশন :** ইকোলজি-বায়োডাইভার্সিটি, রিমোট সেন্সিং জিআইএস, ওয়েস্ট ম্যানেজমেন্ট, পলিউশন কন্ট্রোল টেকনোলজি অ্যান্ড রেমিডিয়েশন, টক্সিকোলজি, এনভায়রনমেন্টাল ল' অ্যান্ড এনভায়রনমেন্ট ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট-এর মতো নানা ক্ষেত্রে স্পেশালাইজেশন করা যায়।

**গবেষণা :** আমেরিকা, ব্রিটেন, জার্মানি, অস্ট্রেলিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন প্রতিষ্ঠানে গবেষণা করা যেতে পারে। আর দেশের মধ্যে আইআইটি, আইআইএসসি ব্যাঙ্গালোর, আইআইএসইআর, আইএসআই, ন্যাশনাল এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট (নিরি), কেন্দ্রীয় ও রাজ্য পলিউশন কন্ট্রোল বোর্ড, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজি (আইআইসিবি), সেন্ট্রাল গ্লাস অ্যান্ড সেরামিক রিসার্চ ইনস্টিটিউট (সিজিসিআরআই), বায়োডাইভার্সিটি বোর্ডে গবেষণার সুযোগ থাকে। এছাড়া অধিকাংশ বিশ্ববিদ্যালয় তো গবেষণার সুযোগ রয়েছেন।

